## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জ হতে গত ২০২০ সালে ই-পাসপোর্ট কার্যক্রম শুরু করা হয় এবং গত ০৩ বছরে ৫৮৪৭৪ টি ই-পাসপোর্ট ইস্যু করা হয়। অত্র কার্যালয় হতে আবেদনকারীদের জন্য তথ্য অনুসন্ধান ও হেল্প ডেস্ক চালু করা, অভিযোগ/পরামর্শ বক্স স্থাপন করা হয়েছে। অসুস্থ ও প্রবীণদের জন্য হুইল চেয়ার ও আলাদা এনরোলমেন্টের ব্যবস্থা করা হয়েছে। আবদেনকারীদের জন্য সুপেয় খাবার পানি ও নামাজ কক্ষের ব্যবস্থা করা হয়েছে তাছাড়া নবজাতক শিশুদের বুকের দুধ পান করার জন্য ব্রেষ্ট ফিডিং কক্ষ স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

 দ্রুততম সময়ে পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে অত্র কার্যালয়ে গৃহীত আবেদনপত্রের অত্যধিক চাপের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং GO/NOC - ধারী প্রার্থী, হজ্বব্রত পালনের প্রার্থী, তীর্থস্থান ভ্রমণের প্রার্থী, অসুস্থ প্রার্থী এবং বিদেশ গমনেচ্ছু প্রার্থীদের যথাসময়ে পাসপোর্ট প্রদান করা।
 পাসপোর্টের সেবার পরিধি তথা জনবল, ওয়ার্ক স্টেশন, উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগনের ভোগান্তি লাঘবে উদ্যোগ গ্রহণ করা।
 প্রবাসী বাংলাদেশীদের কর্মস্থলে ফেরৎ যাবার নিমিত্তে অগ্রাধিকার ভিত্তিতে পাসপোর্ট প্রদান।
 অনলাইন আবেদনের পদ্ধতি অবগত করা।
 অনলাইন ব্যাংকে A-CHALLAN এর মাধ্যমে এবং অনলাইন অ্যাপস দ্বারা A-CHALLAN এর মাধ্যমে রাজস্ব জমাদান পদ্ধতি অবহিত করা।
 যথা সময়ে পুলিশ তদন্ত প্রতিবেদন পাওয়া।
 একই ব্যক্তির ভিন্ন তথ্য ব্যবহার করার প্রবণতা রোধ করা।
 ভূয়া জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ আবেদনপত্রে যুক্ত করার প্রবণতা রোধ করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

১ হয়রানি মুক্ত পরিবেশে সেবা প্রাপ্তিতে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে প্রচারণার ব্যবস্থা করা।
২ কোন ব্যক্তি বা পক্ষ বা কোন সুবিধাভোগি যাতে করে পাসপোর্ট সেবা গ্রহীতাকে হয়রানি করতে না পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া।
৩ বিদ্যমান দক্ষ জনবল ও প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
৪ ঘরে বসে অনলাইনে পাসপোর্ট আবেদনের বর্তমান স্ট্যাটাস যাচাইয়ে উদ্বুদ্ধ করা।
৫ ঘরে বসে অ্যাপস দ্বারা A-CHALLAN এর মাধ্যমে পাসপোর্ট ফি জমাদানের হার বৃদ্ধিকরণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

-  পাসপোর্ট ইস্যুর সংখ্যা ২৬০০০ পর্যন্ত উন্নীতকরণ।
-  ই নথি বাস্তবায়ন
-  নিয়মিতভাবে শুদ্ধাচার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
-  APA প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
-  যথাসময়ে ই-পাসপোর্ট ইস্যু করে আবেদনকারীদের টিসিভি নিম্নপর্যায়ে রাখা।
-  দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন/অবিতরণকৃত পাসপোর্ট নিষ্পত্তিকরণ।
-  ওয়েব পোর্টালে শতভাগ তথ্য হালনাগাদ করণ।



Scanned with OKEN Scanner